



**শরণার্থী মর্যাদার আবেদনকারীদের সম্পূরক সুরক্ষার জন্য আবেদন করার বিষয়ে গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি**

1. ইউরোপীয় ইউনিয়নের কোর্ট অব জাস্টিসের H. N. বনাম আয়ারল্যান্ডের জাস্টিস, ইকুয়ালিটি এন্ড ল' বিষয়ক মন্ত্রী এবং অ্যাটর্নি জেনারেল মামলার রায়ের আলোকে ইউরোপীয় ইউনিয়ন (সম্পূরক সুরক্ষা) বিধি, 2013 (2013 সালের এস.আই. নং 426) সংশোধন করা হয়েছে।
2. ইউরোপীয় ইউনিয়ন (সম্পূরক সুরক্ষা) (সংশোধিত) বিধি, 2015 (2015 সালের এস.আই. নং 137) নিম্নবর্ণিত ব্যবস্থাদির সংবিধিবদ্ধ বৈধতা প্রদান করে, যা আদালতের রায় অনুসরণ করে:
  - শরণার্থী মর্যাদার জন্য নতুন আবেদনকারী যে কোনো ব্যক্তি অফিস অব দ্য রিফিউজি অ্যান্ড ইমিগ্রেশন কমিশনার (ORAC) বরাবর সম্পূরক সুরক্ষার জন্যেও আবেদন করতে পারবেন।
  - বর্তমানে শরণার্থী মর্যাদার জন্য আবেদন অনিশ্চিত রয়েছে এমন যে কোনো ব্যক্তিও ORAC বরাবর সম্পূরক সুরক্ষার জন্যে আবেদন করতে পারবেন।
3. সম্পূরক সুরক্ষার জন্যে এমন আবেদনের ব্যাপারে ORAC ইউরোপীয় ইউনিয়ন (সম্পূরক সুরক্ষা) বিধি, 2013 (2013 সালের এস.আই. নং 426) (যেমনভাবে সংশোধিত) মোতাবেক সিদ্ধান্ত নেবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির শরণার্থী মর্যাদার জন্য আবেদন জাস্টিস এন্ড ইকুয়ালিটি বিষয়ক মন্ত্রী কর্তৃক প্রত্যাহ্য হলে তা তদন্ত করবে।

**4. 2015 সালের বিধিতে কী রয়েছে?**

**আপনি সম্পূরক সুরক্ষার জন্য নতুন আবেদনকারী হলে:**

2015 সালের বিধি অনুযায়ী শরণার্থী মর্যাদার জন্য নতুন আবেদনকারী যে কোনো ব্যক্তি সম্পূরক সুরক্ষার জন্যেও আবেদন করতে পারবেন, শরণার্থী মর্যাদার জন্য ঐ ব্যক্তির আবেদন জাস্টিস এন্ড ইকুয়ালিটি বিষয়ক মন্ত্রী কর্তৃক প্রত্যাহ্য হলে কমিশনার তা তদন্ত করে সে বিষয়ে সিদ্ধান্ত নেবেন। এক্ষেত্রে কমিশনার তারপর ইউরোপীয় ইউনিয়ন (সম্পূরক সুরক্ষা) বিধি, 2013 (যেমনভাবে সংশোধিত) মোতাবেক ও সম্পূরক সুরক্ষার জন্যে আবেদনকারীর সাফাৎকারের পর আবেদনের তদন্তের বিষয়ে লিখিত প্রতিবেদন প্রস্তুত করবেন। আবেদনকারী সম্পূরক সুরক্ষার জন্যে উপযুক্ত কিনা তা উল্লেখ করতঃ সুপারিশ প্রণয়ন করে কমিশনার তা জাস্টিস এন্ড ইকুয়ালিটি বিষয়ক মন্ত্রীর কাছে পাঠাবেন।

## আপনি সম্পূরক সুরক্ষার জন্য বর্তমান আবেদনকারী হলে:

2015 সালের বিধি অনুযায়ী শরণার্থী মর্যাদার জন্য বর্তমানে আবেদন করা (অনিষ্পন্ন) রয়েছে এমন যে কোনো ব্যক্তিও সম্পূরক সুরক্ষার জন্য আবেদন করতে পারবেন, শরণার্থী মর্যাদার জন্য ঐ ব্যক্তির আবেদন জাস্টিস এন্ড ইকুয়ালিটি বিষয়ক মন্ত্রী কর্তৃক প্রত্যাখ্যাত হলে কমিশনার তা তদন্ত করে সে বিষয়ে সিদ্ধান্ত নেবেন। এক্ষেত্রে কমিশনার তারপর ইউরোপীয় ইউনিয়ন (সম্পূরক সুরক্ষা) বিধি, 2013 (যেমনভাবে সংশোধিত) মোতাবেক ও সম্পূরক সুরক্ষার জন্য আবেদনকারীর সাফাৎকারের পর আবেদনের তদন্তের বিষয়ে লিখিত প্রতিবেদন প্রস্তুত করবেন। আবেদনকারী সম্পূরক সুরক্ষার জন্য উপযুক্ত কিনা তা উল্লেখ করতঃ সুপারিশ প্রণয়ন করে কমিশনার তা জাস্টিস এন্ড ইকুয়ালিটি বিষয়ক মন্ত্রীর কাছে পাঠাবেন।

5. উপরে উল্লেখিত ধরনের ব্যক্তিদের ক্ষেত্রে ORAC ফর্ম SP/04 [ইউরোপীয় ইউনিয়ন (সম্পূরক সুরক্ষা) বিধি, 2013 (যেমনভাবে সংশোধিত) এর বিধি 3A(1) এর আওতায় সম্পূরক সুরক্ষা ঘোষণার জন্য আবেদন] পূরণ করে তা দাখিল করার মাধ্যমে সম্পূরক সুরক্ষার আবেদন করা যেতে পারে, যা

- ব্যক্তিগতভাবে অফিস অব দ্য রিফিউজি অ্যাপ্লিকেশন্স কমিশনার, Timberlay House, 79-83 Lower Mount Street, Dublin 2-এ জমা দিতে হবে,

### অথবা

- ORAC কাস্টমার সার্ভিস সেন্টার, Timberlay House, 79-83 Lower Mount Street, Dublin 2 ঠিকানায় ডাকযোগে জমা দিতে হবে।

6. আপনি সম্পূরক সুরক্ষার জন্য আবেদন করলে ORAC ফর্ম SP/05 [ইউরোপীয় ইউনিয়ন (সম্পূরক সুরক্ষা) বিধি, 2013 (যেমনভাবে সংশোধিত) এর বিধি 3A(1) এর আওতায় সম্পূরক সুরক্ষা ঘোষণার জন্য আবেদন সংশ্লিষ্ট আরও তথ্য] পূরণ করে এবং তা উপরোক্ত ঠিকানায় দাখিল করে আরও তথ্য প্রদান করতে পারেন। কমিশনারের কাছে আবেদনের তারিখ থেকে মন্ত্রী কর্তৃক শরণার্থী মর্যাদা প্রত্যাখ্যান করে নোটিস প্রদানের তারিখের পর 15 কার্য দিবস অতিক্রান্ত হওয়ার আগে যে কোনো সময় আরও তথ্য প্রদান করা যেতে পারে।

7. <http://www.ORAC.ie>-এ রিফিউজি অ্যাপ্লিকেশন্স কমিশনারের ওয়েবসাইটে 2013 ও 2015 সালের পূর্ণ বিধিতে অ্যাক্সেস করা যায়।

অফিস অব দ্য রিফিউজি অ্যাপ্লিকেশন্স কমিশনার

20 এপ্রিল 2015